

# শ্রীবিষ্ণুসহস্রনাম

স্বামী সর্বাঙ্গানন্দ

(নভেম্বর '১৫ সংখ্যার পর)

ঈশানঃ প্রাণদঃ প্রাণো জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠঃ প্রজাপতিঃ ।  
হিরণ্যগর্ভো ভূগর্ভো মাধবো মধুসূদনঃ ॥২১

শাংকরভাষ্য : সর্বভূতনিয়ন্তৃত্বাৎ ঈশানঃ। প্রাণান্  
দদাতি চেষ্টয়তীতি বা প্রাণদঃ 'কো হেবান্যাৎ কঃ  
প্রাণ্যাৎ' (তেত্তিরীয় ২।৭) ইতি শ্রুতেঃ। যদ্বা, প্রাণান্  
কালান্না দ্যতি খণ্ডয়তীতি প্রাণদঃ, প্রাণান্ দীপয়তি  
শোধয়তীতি বা, প্রাণান্ দদাতি লুনাতীতি বা প্রাণদঃ।

প্রাণিতীতি প্রাণঃ ক্ষেত্রজঃ পরমায়া বা, 'প্রাণস্য  
প্রাণম্' (বৃহদারণ্যক ৪।৪।১৮) ইতি শ্রুতেঃ।  
মুখ্যপ্রাণো বা। বৃদ্ধতমো জ্যেষ্ঠঃ 'জ্য চ' (পাণিনিসূত্র  
৫।৩।৬১) ইত্যধিকারে 'বৃদ্ধস্য চ' (পাণিনিসূত্র  
৫।৩।৬২) ইতিবৃদ্ধশব্দস্য জ্যাদেশবিধানাৎ।

প্রশস্যতমঃ শ্রেষ্ঠঃ 'প্রশস্যস্য শ্রঃ' (পাণিনিসূত্র  
৫।৩।৬০) ইতি আদেশবিধানাৎ। 'প্রাণো বাব  
জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ' (ছান্দোগ্য ৫।১।১) ইতি শ্রুতেঃ।  
মুখ্যপ্রাণো বা, 'শ্রেষ্ঠশ্চ' (ব্রহ্মসূত্র ২।৪।৮)  
ইত্যধিকরণসিদ্ধত্বাৎ। সর্বকারণত্বাদ্ বা জ্যেষ্ঠঃ,  
সর্বাতিশয়ত্বাদ্ বা শ্রেষ্ঠঃ।

ঈশ্বরত্বেন সর্বাসাং প্রজানাং পতিঃ প্রজাপতিঃ।  
হিরণ্ময়াণাস্তবর্তিত্বাৎ হিরণ্যগর্ভো ব্রহ্মা বিরিঞ্চিঃ  
তদান্না, 'হিরণ্যগর্ভঃ সমবর্ততাপ্ত্রে' (ঋগ্বেদসংহিতা  
১০।১২১।১) ইতি শ্রুতেঃ।

ভূগর্ভে যস্য স ভূগর্ভঃ।

মায়াঃ শ্রিয়ঃ ধবঃ পতিঃ মাধবঃ মধুবিদ্যাব-  
বোধ্যত্বাদ্ মাধবঃ। 'মৌনাদ্ব্যানাচ্চ যোগাচ্চ বিদ্ধি  
ভারত মাধবম্।' (মহাভারতে উদ্যোগপর্বনি ৭০।৪)  
ইতি ব্যাসবচনাদ্ বা মাধবঃ। মধুনামানমসুরং  
সূদিতবান্ ইতি মধুসূদনঃ।

কর্ণমিশ্রোদ্ভবং চাপি মধুনা মমহাসুরম্।  
ব্রহ্মণোহপচিতিং কুবর্ন জঘান পুরুষোত্তমঃ ॥

তস্য তাত বখাদেব দেবদানবমানবাঃ।

মধুসূদন ইত্যাহ ঋষয়শ্চ জনার্দনম্ ॥'

(মহাভারতে ভীষ্মপর্বনি ৬৭। ১৪—১৬)

ইতি মহাভারতে ॥ ২১ ॥

ভাষ্যানুবাদ : পূর্বের দুটি শ্লোকে শ্রীমন্নারায়ণের  
নামোচ্চারণের মধ্যে আচার্য শংকর দেখেছিলেন দুটি  
পৃথক তত্ত্বের বা ভাবের আভাস। 'অপ্রমেয়  
হৃষীকেশং'—শ্লোকটি নিগুণ নিরাকার তত্ত্বের এবং  
'অগ্রাহ্য শাস্ত্রত কৃষ্ণ'—শ্লোকটির ভাষ্য মূলত সগুণ  
সাকার ভাবের আলোয় রচিত। এখানে এই শ্লোকে  
পিতামহ ভীষ্ম নারায়ণকে সম্বোধন করছেন 'ঈশান'  
উচ্চারণে। ভাষ্যকার এই শ্লোকের ভাষ্য করেছেন  
ঈশ্বরের সগুণ নিরাকারভাব নিয়ে, সর্বব্যাপী অদৃশ্য  
সর্বভূতের নিয়ন্তারূপে। আমরা পূজায় মন্ত্রে  
উচ্চারণ করি, 'সর্বভূতাপিপতয়ে ঈশানায় নমঃ'  
অর্থাৎ সর্বভূতের বা সমস্ত প্রাণীর যিনি অধিপতি,

